

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৬৪

১/ বিবিধ

আরবী

الفقر أزين على المؤمن وأحسن من العذار على خد الفرس
ضعيف

وله طرق

الأول: عن عبد الرحمن بن زياد بن أنعم عن سعد بن مسعود الكندي مرفوعا. أخرجه ابن المبارك في " الزهد " (181 / 2 من الكواكب 575 ورقم 568 - ط) والحربي في " الغريب " (5 / 52 / 1) وأبو القاسم الهمداني في " الفوائد " (1 / 202 / 2) . وهذا إسناد ضعيف جدا، من أجل ابن أنعم هذا، وقد مضى القول فيه مرارا، واتهمه ابن حبان فقال (2 / 53) : " كان يروي الموضوعات عن الثقات، ويأتي عن الأثبات بما ليس من أحاديثهم، وكان يدلس عن محمد بن سعيد بن أبي قيس المصلوب " . والحديث أورده السيوطي في " الذيل " (رقم 803 بترقيمي) من رواية ابن عدي وحكى قوله فيه إنه حديث منكر، فتعقبه ابن عراق في " تنزيه الشريعة " (1 / 359) بأن هذا لا يقتضي أن يكون موضوعا. ثم ذكر له الشاهد الآتي عن شداد، وآخر تقدم بلفظ: " تحفة المؤمن الفقير " . ومن عجائب السيوطي وتناقضه أنه أورد الحديث في " الجامع الصغير " أيضا! من طريق الطبراني، مع أنه في " الذيل " حكم بوضعه! ثم إن سعد بن مسعود الكندي مختلف في صحبته كما في " الإصابة " فراجع إن شئت

الثاني: عن أحمد بن عمار: حدثنا مالك بن أنس عن نافع عن ابن عمر مرفوعا رواه القاضي الفلاكي (2 / 90) . وهذا ضعيف جدا أيضا، ابن عمار هذا هو الدمشقي أخوهشام بن عمار، قال الدارقطني: " متروك " . وساق له في " الميزان " حديثا ثم قال: " هذا منكر

الثالث: عن شداد بن أنس. رواه الطبراني بسند ضعيف كما في " المغني " للحافظ العراقي (4 / 169) ثم قال: " والمعروف أنه من كلام عبد الرحمن بن زياد بن أنعم، رواه ابن عدي في الكامل هكذا

বাংলা

৫৬৪। দরিদ্রতা হচ্ছে মুমিনের সর্বাপেক্ষা বড় অলংকার এবং ঘোড়ার গালের উপরের বর্ধিত লাগামের চেয়েও বেশী উত্তম।

হাদীছটি দুর্বল।

হাদীছটি বিভিন্ন সূত্রে বর্ণিত হয়েছেঃ

একঃ আব্দুর রহমান ইবনু যিয়াদ ইবনে আন'আম হতে তিনি সা'আদ ইবনু মাসউদ আল-কিন্দী হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন। এটিকে ইবনুল মুবারাক 'আয-যুহুদ' (২/১৮১) গ্রন্থে, আল-হারবী "আল-গারীব" (৫/৫২/১) গ্রন্থে এবং আবুল কাসেম আল-হামাদানী "আল-ফাওয়ায়েদ" (১/২০২/২) গ্রন্থে বর্ণনা করেছেন।

এ সনদটি নিতান্তই দুর্বল আব্দুর রহমান ইবনু যিয়াদ ইবনে আন'আমের কারণে। তার সম্পর্কে পূর্বেও আলোচনা করা হয়েছে। ইবনু হিব্রান তার সম্পর্কে (২/৫৩) বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীছ বর্ণনা করেছেন। তিনি নির্ভরশীলদের থেকে যেগুলো তাদের হাদীছ নয় সেগুলো নিয়ে এসেছেন। তিনি মুহাম্মাদ ইবনু সাঈদ ইবনে আবী কয়েস হতে তাদলীস করতেন।

হাদীছটি সুযুতী "আয-যাইল" (নং ৮০৩) গ্রন্থে ইবনু আদীর বর্ণনা হতে উল্লেখ করে তার উদ্ধৃতিতে বলেছেন যে, হাদীছটি মুনকার। আশ্চর্যের ব্যাপার এই যে, সুযুতী তাবারানীর সূত্রে "আল-জামেউস সাগীর" লাগিয়েছেন।

দুইঃ হাদীছটি আহমাদ ইবনু আশ্মার মালেক ইবনু আনাস হতে তিনি নাফে' হতে তিনি ইবনু উমার (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন। এটি কাযী আল-ফালাকী (২/৯০) বর্ণনা করেছেন। এটিও নিতান্তই দুর্বল। ইবনু আশ্মার হচ্ছেন দেমাস্কী হিশাম ইবনু আশ্মারের ভাই। তার সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক। যাহাবী

তার একটি হাদীছ “আল-মীযান” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ এটি মুনকার।

তিনঃ সাদ্দাদ ইবনু আউস হতে বর্ণিত হয়েছে। এটি তাবারানী দুর্বল সনদে বর্ণনা করেছেন। যেমনটি হাফিয় ইরাকীর “আল-মুগনী” (৪/১৬৯) গ্রন্থে এসেছে। অতঃপর বলেছেনঃ এটি আব্দুর রহমান ইবনু যিয়াদ ইবনে আন’আমের কথা হিসাবে পরিচিত। ইবনু আদী “আল-কামিল” গ্রন্থে একুপই বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71443>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন